# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## অর্থনীতি

বিষয় কোড: | ১ | ৪ | ১ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান —— ৭০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶ হিমেল চিনি কিনতে গিয়ে দেখলেন চিনির দাম অনেক বেশি। পাশে দাঁড়িয়ে থাকা একজন ক্রেতা বলল, রাস্তার ওপারে এ চিনি সরকারি বিক্রয় কেন্দ্রে ন্যায্যমূল্যে বিক্রি হচ্ছে।

ক. সুযোগ ব্যয় কী? ১

খ. Adam Smith-কে অর্থনীতির জনক বলা হয় কেন? ২

গ. আমাদের দেশে কোন ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত অর্থব্যবস্থা সাধারণ মানুষের জীবনযাত্রার মান বৃদ্ধিতে সহায়ক — বিশ্লেষণ করো। ৪

২.▶ করিম গাড়ি কারখানার একজন দক্ষ শ্রমিক। সে তার দক্ষতা অর্জন করেছে বলিষ্ঠ উদ্যোগ ও নিজস্ব অভিজ্ঞতার মাধ্যমে। আমাদের দেশে যতটুকু সম্পদ রয়েছে তার সুষ্ঠু ব্যবহারে সকলের যত্নবান হওয়া উচিত।

ক. উৎপত্তির দৃষ্টিকোণ থেকে সম্পদ কত প্রকার? ১

খ. দ্রব্যের শ্রেণিবিভাগ উল্লেখ কর। ২

গ. করিমের দক্ষতা কী মনুষ্যসৃষ্ট সম্পদ বা মানবিক সম্পদ? বিশ্লেষণ কর। ৩

ঘ. বাংলাদেশের উন্নয়নে সম্পদের সুষ্ঠু ব্যবহারে দক্ষ মানবসম্পদ তৈরি প্রয়োজন — উক্তিটি ব্যাখ্যা কর? ৪


৩.▶ নিচের ছকটি দেখে প্রশ্নের উত্তর দাও:




Teachingbd24.com

ক. একচেটিয়া বাজার কী? ১
খ. বাজার মূলত কত প্রকার? ২
গ. [?] স্থানে বাজারটির বৈশিষ্ট্য পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. প্রশ্নবোধক স্থানটির বাজারের সাথে স্থানীয় বাজারের তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

৪. ▶




ক. CCA-এর পূর্ণরূপ কী? ১
খ. নিট জাতীয় আয় বলতে কী বুঝ? ২
গ. ২নং পদ্ধতিতে কীভাবে জাতীয় আয় নির্ণয় করা যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. জাতীয় আয় পরিমাপের ক্ষেত্রে কোন পদ্ধতি বেশি সুবিধাজনক? বিশ্লেষণ করো। ৪

৫. ▶ একজন কৃষক অধিক উৎপাদনের জন্য অধিক শ্রম নিয়োগ করে যে উৎপাদন পান তা সূচির মাধ্যমে দেখানো হলো—

| শ্রম উপকরণ (শ্রম ঘণ্টা) | মোট উৎপাদন (কুইন্টাল) | প্রান্তিক উৎপাদন (কুইন্টাল) |
|---|---|---|
| ১৫ | ১৫ | |
| ২০ | ৩৮ | |
| ২৫ | ৪৫ | |
| ৩০ | ৫০ | |

ক. উৎপাদনের উপকরণ কয়টি? ১
খ. ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধির মূল কথা কী? ২
গ. উপরের ছকটি পূরণ করে এর মূল ধারণাটি ব্যাখ্যা করো। ৩
ঘ. সূচি অনুসারে রেখাচিত্র অংকন করে তা বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৬.▶




ক. বাংলাদেশের অর্থনীতির প্রধান খাত কয়টি? ১

খ. সেবা বলতে কী বোঝায়? ২

গ. B খাতের উন্নয়নের উপর কীভাবে অর্থনৈতিক প্রবৃদ্ধি নির্ভরশীল ব্যাখ্যা করো। ৩

ঘ. A ও B খাত পরস্পর পরিপূরক — মূল্যায়ন করো। ৪

৭.▶ সৃষ্টি কোল্ড ক্রিম কেনার জন্য দোকানে গেলে দোকানদার তাকে চার ধরনের ক্রিম দেখায়। সৃষ্টি লক্ষ করে যে, চারটিতেই সমপরিমাণ ক্রিম রয়েছে কিন্তু দামের ক্ষেত্রে সামান্য পার্থক্য রয়েছে।

ক. ফার্ম কী? ১

খ. সময়ের প্রেক্ষিতে বাজারের শ্রেণিবিভাগ লেখ? ২

গ. সৃষ্টির ক্রয়কৃত পণ্যটি কোন বাজারের পণ্য? ব্যাখ্যা কর? ৩

ঘ. একচেটিয়া বাজারের সাথে উদ্দীপকে উল্লিখিত বাজারের পার্থক্য বিশ্লেষণ কর?৪

৮.▶ জামালের স্ত্রীর একটি শাড়ির খুব প্রয়োজন। কিন্তু তার কাছে একটি ছাগল ছাড়া কিছুই নেই। জামাল তার ছাগল নিয়ে তাঁতির কাছে গেলে তাঁতি একটি শাড়ির বদলে ছাগল নিতে চায়। কিন্তু জামাল একটি শাড়ির বদলে ছাগলটি দিতে রাজি হয়নি। পরে সবার কাছে গ্রহণযোগ্য একটি দ্রব্য আবিষ্কৃত হওয়ায় এ অসুবিধা দূর হয়।

ক. বিহিত অর্থ কাকে বলে? ১

খ. নিকাশ ঘর বলতে কী বোঝায়? ২

গ. জামাল তাঁতির কাছে গিয়ে শাড়ি কিনতে না পারার কারণ ব্যাখ্যা কর? ৩

ঘ. সবার কাছে গ্রহণযোগ্য দ্রব্যটির ভূমিকা ব্যাখ্যা কর? ৪

https://teachingbd24.com

৯.▶ জসিম সাহেবের দোকানের চালের যোগান নিম্নরূপ:


| দ্রব্যের নাম | যোগানের পরিমাণ |
|---|---|
| ৫০.০০ | ১০ কুইন্টাল |
| ৬০.০০ | ১২ কুইন্টাল |
| ৭০.০০ | ১৫ কুইন্টাল |
| ৮০.০০ | ২০ কুইন্টাল |

ক. প্রান্তিক উপযোগ কখন শূন্য হয়? ১
খ. মোট উপযোগ ও প্রান্তিক উপযোগের দুটি পার্থক্য ব্যাখ্যা করো। ২
গ. উপরের সূচি থেকে যোগান রেখা অংকন করে ব্যাখ্যা করো। ৩
ঘ. চালের ক্ষেত্রে কি উক্ত বিধিটি পুরোপুরি কার্যকর হবে? মতামত দাও। ৪

১০.▶ অর্থনৈতিক প্রবৃদ্ধি + অর্থনীতির গুণগত পরিবর্তন = ?

ক. টিএমএসএস কত সালে প্রতিষ্ঠিত হয়? ১
খ. ছদ্মবেশী বেকারত্ব ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. '?' চিহ্নিত স্থানটি যে ধারণা নির্দেশ করে তা ব্যাখ্যা কর? ৩
ঘ. উপরে বর্ণিত ধাপসমূহের মধ্যে প্রথমটির সাথে সর্বশেষটির পার্থক্য বিশ্লেষণ কর? ৪

১১.▶




ক. অর্থনীতিতে চাহিদা কী? ১
খ. প্রান্তিক উপযোগ বলতে কী বোঝায়? ২
গ. উল্লিখিত চিত্রটি অর্থনীতির কোন ধারণার সঙ্গে সঙ্গতিপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. বর্ণিত চিত্রে শুধুমাত্র SS রেখাটি বামে স্থানান্তরিত হলে অর্থনীতিতে এর প্রতিক্রিয়া কীরূপ হবে বলে তুমি মনে কর? ৪

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ৪ | ১ |

[দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. **একচেটিয়া বাজারের বৈশিষ্ট্যগুলো হলো—**
i. নিকট পরিবর্তক দ্রব্য নেই
ii. নতুন ফার্মের প্রবেশ বন্ধ
iii. এককভাবে দাম ও যোগান নিয়ন্ত্রক
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚⓗ i ও ii
ⓖ ii ও iii ⓖⓗ i, ii ও iii

২. **নিট জাতীয় আয় নির্ণয় করতে কোন সূত্রটি ব্যবহার করা হয়?**
ⓚ NNI=GDP-CCA
ⓚⓗ NNI=GDP+CCA
ⓖ NNI=GDP+GDP
ⓖⓗ NNI=CCA

৩. **বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো জাতীয় আয় গণনা করে—**
i. উৎপাদন পদ্ধতিতে
ii. আয় পদ্ধতিতে
iii. ব্যয় পদ্ধতিতে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚⓗ i ও iii
ⓖ ii ও iii ⓖⓗ i, ii ও iii

৪. **সরকার অনেক দ্রব্যসামগ্রীর উপর বিভিন্ন শুল্ক ও কর আরোপের পরেও অতিরিক্ত যে শুল্ক আরোপ করে তাকে বলে—**
ⓚ আমদানি শুল্ক ⓚⓗ আবগারি শুল্ক
ⓖ মাদক শুল্ক ⓖⓗ সম্পূরক শুল্ক

৫. **অর্থনৈতিক প্রবৃদ্ধি কী?**
ⓚ অর্থনৈতিক উন্নয়ন
ⓚⓗ জিডিপি বৃদ্ধির হার
ⓖ অর্থনৈতিক গুণগত পরিবর্তন
ⓖⓗ জীবনযাত্রার মান উন্নয়ন

**নিচের উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও:**
অর্পিতা পড়াশোনা শেষ করে ব্যাংকিংকে পেশা হিসেবে নিতে ইচ্ছুক। তবে সে দেশের প্রধান ব্যাংকটির ব্যাংকার হতে চায়, যা অন্যান্য ব্যাংকের অভিভাবক।

৬. **অর্পিতা যে ব্যাংকের ব্যাংকার হতে চায় তার নাম কী?**
ⓚ বাণিজ্যিক ব্যাংক ⓚⓗ কেন্দ্রীয় ব্যাংক
ⓖ শিল্প ব্যাংক ⓖⓗ গ্রামীণ ব্যাংক

৭. **অর্পিতার ব্যাংকটির ঋণ নিয়ন্ত্রণের উদ্দেশ্যগুলো হলো—**
i. মুদ্রাস্ফীতি রোধ করা
ii. অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা
iii. সঞ্চয় সংগ্রহ করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚⓗ i ও ii
ⓖ ii ও iii ⓖⓗ i, ii ও iii

৮. **শ্রমিকের বেতন কী ধরনের ব্যয়?**
ⓚ প্রকাশ্য ব্যয় ⓚⓗ অপ্রকাশ্য ব্যয়
ⓖ মোট ব্যয় ⓖⓗ প্রকৃত ব্যয়

৯. **অর্থনৈতিক কাজ কোনটি?**
ⓚ ভিক্ষার মাধ্যমে অর্থ উপার্জন
ⓚⓗ শ্রমিকের কারখানার কাজ
ⓖ সন্তানের পরিচর্যা
ⓖⓗ শখ করে বাগান করা

১০. **কোনটি মাঝারি শিল্প?**
ⓚ বস্ত্র ⓚⓗ চিনি
ⓖ চামড়া ⓖⓗ সার

১১. **বাজারের সংজ্ঞা দেন কে?**
ⓚ মার্শাল ⓚⓗ এডাম স্মিথ
ⓖ কুর্ণট ⓖⓗ ক্যানন

১২. **মানুষ কর্তৃক উৎপাদিত একমাত্র উৎপাদনের উপকরণ কোনটি?**
ⓚ ভূমি ⓚⓗ শ্রম
ⓖ মূলধন ⓖⓗ সংগঠন

১৩. **হনুফা তার ছেলে মেয়ে নিয়ে ঘরে বসে বাঁশ ও বেতের ঝুড়ি তৈরি করে বাজারে বিক্রি করে। হনুফার কাজটি কোন শিল্পের অন্তর্গত?**
ⓚ বৃহৎ শিল্প ⓚⓗ কুটির শিল্প
ⓖ ক্ষুদ্রায়তন শিল্প ⓖⓗ মাঝারি শিল্প

১৪. **কোনগুলো রূপান্তরের অযোগ্য মুদ্রা?**
ⓚ ১ টাকা ও ২ টাকা
ⓚⓗ ৫০ টাকা ও ১০০ টাকা
ⓖ ১০ টাকা ও ২০ টাকা
ⓖⓗ ১০০ টাকা ও ৫০০ টাকা

Teachingbd24.com

১৫. বেসরকারিকরণ বোর্ড কত সালে গঠিত হয়?
ⓚ ১৯৯২ ⓚ ১৯৯৩
ⓖ ১৯৯৪ ⓖ ১৯৯৫

১৬. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচির নাম কী?
ⓚ ভিজিডি
ⓚ ভিজি এফ
ⓖ টেস্ট রিলিফ
ⓖ কৃত্রিম প্রজনন কর্মসূচি

১৭. চা ও চিনি উৎপাদনের ওপর কোনটি ধার্য করা হয়?
ⓚ আবগারি শুল্ক ⓚ বাণিজ্য শুল্ক
ⓖ আমদানি শুল্ক ⓖ মূল্য সংযোজন কর

১৮. দেশের প্রশাসনিক কাজকর্ম পরিচালনায় কোন বাজেট ব্যয় করা হয়?
ⓚ সুষম ⓚ মূলধন
ⓖ চলতি ⓖ উদ্ধৃত্ত

১৯. যে দামে চাহিদা ও যোগান পরস্পর সমান হয় তাকে কী বলে?
ⓚ ভারসাম্য চাহিদা ⓚ ভারসাম্য যোগান
ⓖ ভারসাম্য দাম ⓖ ভারসাম্য পরিমাণ

২০. গোয়ালন্দের ইলিশ রংপুরে নিয়ে গেলে কী ধরনের উপযোগ সৃষ্টি হয়?
ⓚ রূপগত ⓚ সময়গত
ⓖ স্থানগত ⓖ স্বত্বগত

২১. মুদ্রাস্ফীতি ঘটলে কী হয়?
ⓚ অর্থের মান কমে
ⓚ দ্রব্যমূল্য কমে
ⓖ অর্থমূল্য বাড়ে
ⓖ অর্থমূল্য অপরিবর্তিত থাকে

২২. ধনতান্ত্রিক অর্থনীতির বৈশিষ্ট্য কোনটি?
ⓚ কেন্দ্রীয় পরিকল্পনা
ⓚ ব্যক্তিগত মুনাফার অনুপস্থিতি
ⓖ স্বয়ংক্রিয় দাম ব্যবস্থা
ⓖ অবাধ প্রতিযোগিতার অনুপস্থিতি

২৩. আয়ের বৃত্তাকার প্রবাহের খাতগুলো কী?
ⓚ পরিবার ও দ্রব্য
ⓚ ফার্ম ও শিল্প
ⓖ দ্রব্য ও সেবার বাজার
ⓖ পরিবার ও উৎপাদক

২৪. 'প্রতিভা' কোন ধরনের সম্পদ?
ⓚ প্রাকৃতিক ⓚ মানবিক
ⓖ মানবসৃষ্ট ⓖ উৎপাদিত

২৫. বাসনপত্র, সেনিটারি দ্রব্য তৈরিতে কোনটি ব্যবহৃত হয়?
ⓚ চুনাপাথর
ⓚ চীনামাটি
ⓖ গন্ধক ⓖ সিলিকাবালু

২৬. প্রান্তিক উপযোগ ঋণাত্মক হলে মোট উপযোগ কী হয়?
ⓚ শূন্য ⓚ ক্রমহ্রাসমান
ⓖ স্থির ⓖ ক্রমবর্ধমান

২৭. অর্থনীতিতে উপযোগ সৃষ্টির প্রক্রিয়াকে কী বলে?
ⓚ চাহিদা ⓚ ভোগ
ⓖ উপযোগ ⓖ উৎপাদন

২৮. প্রকৃতি প্রদত্ত কয়লা, লোহা ও মানুষের শ্রমে যে লাঙল তৈরি তা কৃষিকাজে ব্যবহৃত হয়। এখানে লাঙল বলতে কোনটিকে বোঝানো হয়েছে?
ⓚ শ্রম ⓚ মূলধন
ⓖ কৃষিসামগ্রী ⓖ কাঁচামাল

২৯. অ-প্রকাশ্য ব্যয় হলো—
i. কাঁচামাল ক্রয়
ii. উদ্যোক্তার নিজের শ্রম
iii. স্বনিয়োজিত সম্পদ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩০. বাংলাদেশের LUX সাবানের বাজারকে কোন ধরনের বাজার বলা হয়?
ⓚ একচেটিয়া বাজার
ⓚ পূর্ণপ্রতিযোগিতার বাজার
ⓖ কয়েকজন বিক্রেতার বাজার
ⓖ একচেটিয়া প্রতিযোগিতামূলক বাজার

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | ক | ৩ | খ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | খ | ৭ | খ | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | গ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | গ | ২০ | গ | ২১ | ক | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ঘ |

Teachingbd24.com